

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
সুবর্ণ ভবন (৯ম ও ১০ম তলা)
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
www.nddptrust.gov.bd

নম্বর: ৪১.০৫.০০০০.০০০.১১.০৮২.২৩-৮৪

তারিখ: ২৫ মাঘ ১৪৩০
০৮ ফেব্রুয়ারি ২০২৪

এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর মাতা-পিতা/অভিভাবক এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণ বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-০৫/২০২৩-২৪

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী) ব্যক্তিদের পরিচর্যার কাজে নিয়োজিত এনডিডি শিশু/ব্যক্তিদের (সুবর্ণ কার্ডধারী) পিতা-মাতা/অভিভাবকগণ এবং এনডিডি বিদ্যালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এনডিডি বিদ্যালয়ের শিক্ষকদের সরাসরি অথবা অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী এনডিডি শিশু/ব্যক্তিদের পিতা-মাতা/অভিভাবকগণ এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণ আবেদন করতে পারবেন। আবেদন ফরম সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্টের প্রধান কার্যালয় (সুবর্ণ ভবন, ১০ম তলা, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬), ঢাকা অথবা জেলা সমাজসেবা কার্যালয় ও জেলা/উপজেলা পর্যায়ে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে হার্ড কপি প্রেরণ করা যাবে। উল্লেখ্য, মাতা-পিতা/অভিভাবক এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণের জন্য নির্ধারিত আবেদন ফরম নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কার্যালয়ের <http://www.nddptrust.gov.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে। স্বীকৃতিপ্রাপ্ত ও এমপিওভুক্ত এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া হবে। অসম্পূর্ণ এবং ই-মেইলে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

এনডিডি সুরক্ষা ট্রাস্ট কার্যালয়, জেলা সমাজসেবা কার্যালয় ও জেলা/উপজেলা পর্যায়ে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে আবেদন পাঠানোর শেষ তারিখ ২৯/০২/২০২৪।



মোঃ শাহ আলম

ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
টেলিফোন: ০২-৪১০০১৬৩০
ই-মেইল: nddptrust@gmail.com